

## অফিস আদেশ

দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরাধীন যশোর জেলার কেশবপুর উপজেলার উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা জনাব নিরঞ্জন চক্রবর্তী এর অনুকূলে ২৭-০৮-২০১৭ তারিখের ৫১.০১.০০০০.০০৩.০৮.০২২.১৭.৭৭৭ অফিস আদেশ মূলে ২১-০৯-২০১৭ হতে ০৫-১০-২০১৭ পর্যন্ত ১৫ (পনের) দিনের শ্রান্তি বিনোদন ছুটি মঞ্জুর করা হয়। জনাব নিরঞ্জন চক্রবর্তী এর আবেদনের প্রেক্ষিতে উক্ত মঞ্জুরকৃত ছুটি নির্ধারিত ছুটি বিধিমালা, ১৯৫৯ এর ৩(১)(ii) ধারা মোতাবেক নিম্নে উল্লিখিত শর্তানুযায়ী ০১-১০-২০১৭ হতে ১৫-১০-২০১৭ পর্যন্ত অথবা ছুটি ভোগের তারিখ হতে মোট ১৫ (পনের) দিন ভারতের বিভিন্ন ধর্মীয় / তীর্থ স্থান পরিদর্শনের নিমিত্ত ভারত গমনের অনুমতি প্রদান করা হলোঃ

- ক) জনাব নিরঞ্জন চক্রবর্তী এর (১) স্ত্রী- জয়ন্তী চ্যাটার্জী (২) মেয়ে- উপমা চক্রবর্তী তাঁর সফর সংগী হবেন;
- খ) তিনি মঞ্জুরকৃত ছুটির অতিরিক্ত সময় বহিঃবাংলাদেশে অবস্থান করতে পারবেন না;
- গ) উক্ত ভ্রমণ সংক্রান্ত যাবতীয় ব্যয় তিনি নিজে বহন করবেন। এতে বাংলাদেশ সরকারের কোন আর্থিক সংশ্লেষ থাকবে না;
- ঘ) ছুটিকালীন তিনি দেশীয় মুদ্রায় বেতন-ভাতাদি গ্রহণ করবেন।

০২। মহাপরিচালক মহোদয়ের সদয় অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।

স্বাক্ষরিত/-  
২৫-০৯-২০১৭  
( লুৎফুন নাহার )  
(উপ-সচিব)  
উপ-পরিচালক (প্রশাসন-১)  
ফোনঃ ৯৮৬১৩৬০

অনুলিপিঃ সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১। হাইকমিশনার, ভারত দূতাবাস, বাংলাদেশ।
- ২। মহাপরিচালক, পাসপোর্ট ও বহিরাগমন অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
- ৩। উপ-পরিচালক (বাজেট/হিসাব), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা।
- ৪। জেলা প্রশাসক, যশোর।
- ৫। জেনারেল ম্যানেজার, ফরেন এক্সচেঞ্জ অপারেশন ডিপার্টমেন্ট, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
- ৬। উপজেলা নির্বাহী অফিসার, কেশবপুর, যশোর।
- ৭। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, ১৬ আবদুল গণি রোড, ঢাকা।
- ৮। প্রোগ্রামার, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, মহাখালী বা/এ, ঢাকা-১২১২। আদেশটি দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ।
- ৯। জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা, যশোর। ইহা তাঁর ০৭-০৯-২০১৭ তারিখের ৫১.০১.৪১০০.০১৭.১৮.০৩৪.১৬-৬৮১ নং স্মারকের যোগসূত্রক্রমে।
- ১০। ইমিগ্রেশন অফিসার, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দর, ঢাকা / চট্টগ্রাম আন্তর্জাতিক বিমান বন্দর, চট্টগ্রাম।
- ১১। ইমিগ্রেশন অফিসার, বেনাপোল, যশোর / দর্শনা, চুয়াডাঙ্গা / ডোমরা, সাতক্ষীরা / জুড়িমারী, লালমনিরহাট / হিলি, দিনাজপুর / বিলুনিয়া, মহরীঘাট, স্থলবন্দর, বাংলাদেশ।
- ১২। উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, কেশবপুর, যশোর।
- ১৩। জনাব নিরঞ্জন চক্রবর্তী, উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, কেশবপুর, যশোর।
- ১৪। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা।

২৫-০৯-২০১৭  
( লুৎফুন নাহার )  
(উপসচিব)

উপ-পরিচালক (প্রশাসন-১)